

ব্যাটারি চালিত বিমানের সফল গ্রাউন্ড টেস্ট করল রোলস রয়েস

- A Monitor Desk Report

Date: 21 November, 2021



পেট্রোল, ডিজেল ছাড়াই গাড়ির স্বপ্ন বিজ্ঞানীদের অনেক দিন আগেই পূরণ হয়েছে। অদূর ভবিষ্যতে যে পেট্রোলিয়ামজাত জ্বালানী ছাড়াই বিমানও উড়তে চলেছে তাও এক প্রকার নিশ্চিত। বিলাসবহুল গাড়ি প্রস্তুতকারক সংস্থা রোলস রয়েস সম্প্রতি সেই লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ পালন করল। তাদের তৈরি সম্পূর্ণ ব্যাটারি চালিত বিমানের সফল গ্রাউন্ড টেস্ট সম্পন্ন হয়েছে। আর রোলস রয়েসের দাবি এই বিমান ব্যাটারি চালিত বিমানের মধ্যে গতির রেকর্ড গড়বে। রোলস রয়েস একা নয় এই প্রকল্পে তাদের সঙ্গে আরও দু'টি সংস্থা হাত মিলিয়ে কাজ করছে।

রোলস রয়েস এই সম্পূর্ণ বিদ্যুৎ চালিত বিমান তৈরির প্রকল্পের নাম রেখেছে 'এক্সেলেরটিং দ্যা ইলেক্ট্রিফিকেশন অব ফ্লাইট' (এসিসিইএল)। আর বিমানটির নাম রাখা হয়েছে 'আয়নবার্ড'। সম্পূর্ণ বিদ্যুৎ চালিত এই বিমানে যে শক্তিশালী ব্যাটারি ব্যবহার করা হয়েছে তা এক সঙ্গে ২৫০টি বাড়িতে বিদ্যুৎ সরবরাহ করতে পারবে।

রোলস রয়েসের সঙ্গে 'ওয়াইএএসএ' (ইয়াসা) এবং ঘড়ি প্রস্তুতকারক সংস্থা 'ব্রেমন্ট' এই বিমান তৈরি করেছে। ইয়াসা বিদ্যুৎ চালিত মোটর এবং নানান রকম কন্ট্রোলিং যন্ত্র প্রস্তুতকারক সংস্থা। তিন সংস্থা বিমানটি তৈরির ক্ষেত্রে নির্দিষ্ট ভূমিকা পালন করছে।

রোলস রয়েস ইলেক্ট্রিক্যালের ডিরেক্টর রব ওয়াটসন জানিয়েছেন, 'তাদের সংস্থা ২০৫০ সালের মধ্যে 'জিরো কার্বন' লক্ষ্যের দিকে এগোচ্ছে'। অর্থাৎ তাদের তৈরি যানবাহন থেকে আগামী দিনে যাতে কোনও কার্বন নির্গত না হয় সেই লক্ষ্য রেখেছে রোলস রয়েস। আর আয়নবার্ডের সফল গ্রাউন্ড টেস্ট সেই পথে রোলস রয়েসের কাছে একটি বড় সাফল্য বলে উল্লেখ করেছেন রব। পরের ধাপ আয়নবার্ডের সফল ভাবে আকাশে ডানা মেলায়।